

গুয়াহাটিতে স্কিপার লিমিটেডের পিভিসি প্ল্যান্ট

নিজস্ব সংবাদদাতা : পূর্ব ভারতে পিভিসি পাইপ ব্যবসার ক্ষেত্রে অগ্রণী সংস্থা, স্কিপার লিমিটেড উত্তর পূর্ব ভারতে তার ব্যবসাকে সম্প্রসারণের দিকে পদক্ষেপ নিয়েছে। গুয়াহাটিতে সংস্থা ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট তৈরি করেছে। গুয়াহাটির কাছে কামরূপ জেলায় পিভিসির ওই প্ল্যান্ট তৈরি হয়েছে। এ বিষয়ে স্কিপার লিমিটেডের ডিরেক্টর দেবেশ বনশাল বলেন, আমরা এই

সংস্থার মাধ্যমে ইনোভেশনের দিকে নজর দিয়ে থাকি। জানান, উত্তর পূর্ব ভারত এই ব্যবসার ক্ষেত্রে অনেক সম্ভাবনাময়। এখানকার জলবায়ু এবং পরিবেশ ম্যানুফ্যাকচারিং ইউনিট তৈরির ক্ষেত্রে আদর্শ। সেই কারণে গুয়াহাটিতে ইউনিট তৈরি করেছে স্কিপার। উত্তরপূর্ব ভারতে নিজেদের ব্যবসার বৃদ্ধি ঘটিয়ে মার্কেট শেয়ার ২০ শতাংশতে নিয়ে যাওয়ার পরিকল্পনা করছেন বলে জানান তিনি। স্কিপার লিমিটেড সম্প্রতি দুটি ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট তৈরি করেছে পশ্চিমবঙ্গের উলুবেరిয়ায় এবং গুজরাতের আমেদাবাদে। কোম্পানির সম্প্রসারণ কর্মসূচিকে সামনে রেখে স্কিপার হায়দ্রাবাদ এবং সেকেন্দ্রাবাদে প্ল্যান্ট তৈরি করবে বলে জানিয়েছেন তিনি।